# কটন বিশ্ববিদ্যালয়ে সাহিত্য অকাদেমির পূর্বাঞ্চলীয় কবি সম্মেলন সম্পন্ন



**যুগশঙ্খ প্রতিবেদন**
গুয়াহাটি। ৩০ এপ্রিল

কটনিয়ানের বছরজোড়া শতবর্ষ উদযাপন কর্মসূচির অংশ হিসাবে শনিবার কটন বিশ্ববিদ্যালয়ের সুদর্শন হলে সাহিত্য অকাদেমি এবং কটন বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে কবিতা উৎসব তথা পূর্বাঞ্চলীয় কবি সম্মেলনের আয়োজন করা হয়। সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত অনুষ্ঠিত এই সম্মেলন শুরু হয় কণ্ঠশিল্পী নাহিদ আফরিনের এক বরগীতের মাধ্যমে।

উদ্বোধনী অনুষ্ঠানে পৌরোহিত্য করেন সাহিত্য অকাদেমির সভাপতি মাধব কৌশিক। স্বাগত ভাষণ দেন সাহিত্য অকাদেমির সম্পাদক কে শ্রীনিবাস রাও। কটন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. রমেশচন্দ্র ডেকা মুখ্য অতিথি হিসাবে উপস্থিত থাকা এই অনুষ্ঠান উদ্বোধন করেন প্রখ্যাত কবি অনিলকুমার বড়ো। অনুষ্ঠানে অংশগ্রহণ করে বক্তব্য পেশ করেন সাহিত্য অকাদেমির অসমিয়া উপদেষ্টা সমিতির আহ্বায়ক দিগন্তবিশ্ব শর্মা।

প্রখ্যাত কবি তথা নেপালি লেখক নব কালপটার পৌরোহিত্যে আয়োজিত এই অনুষ্ঠানে প্রখ্যাত কবি আনিসুজ জামান (অসমিয়া), বিকাশ সরকার (বাংলা), মদন কাশ্যপ (হিন্দি), দেশমন্ত খর্মাওফ্লাং (খাসি), অজিত আজাদ (মৈথিলী), রবিন এস নগাংগম (মণিপুরি) এবং প্রহ্লাদ শতপাঠি (ওড়িয়া) প্রমুখ কবিতা পাঠ করেন। কবি আনিসুজ জামান 'নিলা খামর চিঠি', বিকাশ সরকার 'কনিষ্কের মাথা', মদন কাশ্যপ 'পরাজয় কা গীত', দেশমন্ত খর্মাওফ্লাং 'দা ওল্ড ওয়ান্ড', অজিত আজাদ 'টটি' ও 'পেনড্রাইভ মে পৃথিবী', রবিন এস নগাংগম প্রকৃতি সম্পর্কে কবিতা, প্রহ্লাদ শতপাঠি 'ফ্লাওয়ার্স অব ইভিলস' এবং নব সাপকটা 'কভেটিং সোয়েটস ইনটু আইজ' কবিতা পাঠ করে উপস্থিত দর্শকদের আপ্লুত করেন। এমন একটি সুন্দর অনুষ্ঠান আয়োজনের জন্য তিনি কটন বিশ্ববিদ্যালয় এবং সাহিত্য অকাদেমির প্রশংসা করে ধন্যবাদ জানান।